দৈনিক ইনকিলাব

9

তারিখ ... JAN 20 2000 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ৫ ...

# প্রধানমন্ত্রীর অভিনন্দন বিরোধিতায় এমপি শামসুল আলমের 'নোট অব ডিসেন্ট'

**প্রেস বিজ্ঞপ্তি ঃ** গত ১৮ জানুয়ারী (মঙ্গলবার) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভায় প্রধানমন্ত্রীকে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক দেয়া ডক্টরেট অব ল' সম্মানসূচক ডিগ্রী প্রদানে প্রধানমন্ত্রীকে অভিনন্দন জানানোর জন্য প্রস্তাব উত্থাপিত হলে শামসুল আলম প্রামাণিক এমপি তার বিরোধিতা করে একটি নোট অব ডিসেন্টে বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রধানমন্ত্রীকে ডক্টর অব ল সম্মানসূচক ডিগ্রী দানে আনীত অভিনন্দন প্রস্তাবে তিনি ভিন্ন মত পোষণ করেন। কারণ সেব বিষয়ের প্রেক্ষিতে তাঁকে সম্মানসূচক ঐ ডিগ্রী দেয়া হয়েছে, তা অযথার্থ ও বিতর্কিত। পার্বত্য চুক্তি সরকার করেছে, কিন্তু সেখানে শান্তি আসেনি, রক্ত ঝরছে। পানি চুক্তি হয়েছে পানি না পাবার জন্য। ফলে, পদ্মায় এখন পানি নেই। নারী স্বাধীনতার পদে পদে নারীরা হয় বঞ্চিত, লাঞ্ছিত নিগৃহীত। আর গণতন্ত্রের নামে চলছে ফ্যাসিবাদী স্বৈরশাসন। এ সম্মানসূচক ডিগ্রী প্রদানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল ও সিন্ডিকেট দ্বিধাবিভক্ত হয়ে পড়েছে এবং এ বিষয়ে প্রচণ্ড প্রতিবাদ উঠেছে। ছাত্র সমাজ সম্মানসূচক এ ডিগ্রী প্রদানে তীব্র বিরোধিতা করে প্রধানমন্ত্রীকে ডিগ্রী প্রদানের সিদ্ধান্ত প্রত্যাহারের দাবী জানিয়েছে। শুধু তাই নয়, প্রধানমন্ত্রীকে সম্মানসূচক ডক্টর অব 'ল' ডিগ্রীর প্রতিবাদে ঐদিন অর্ধদিবস স্বতঃস্ফূর্ত হরতাল পালিত হয়েছে। শুধু ছাত্র সমাজ, সিন্ডিকেট ও একাডেমিক কাউন্সিলই নয়, দেশের শতকরা ৬৭ ভাগ জনগণের প্রতিনিধিত্বকারী সকল বিরোধী দল একযোগে প্রধানমন্ত্রীকে দেয়া ডক্টর অব 'ল' ডিগ্রীর প্রচণ্ড বিরোধিতা করেছে ও করছে। যুক্তিসঙ্গত কারণে দেশের সর্বাধিক জনগণের প্রতিনিধিত্বকারী রাজনৈতিক দল ও নির্বাচিত জনপ্রতিনিধিগণ প্রধানমন্ত্রীকে দেয়া সম্মানসূচক ডিগ্রীর প্রচণ্ড বিরোধিতা করেছে ও করছে। জনমত উপেক্ষা করে অযৌক্তিকভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসির ব্যক্তিগত উদ্যোগে ও অতি উৎসাহে এবং প্রধানমন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী প্রধানমন্ত্রীকে যে ডক্টর অব 'ল' সম্মানসূচক ডিগ্রী প্রদান করা হয়েছে তার জন্য অভিনন্দন জানানোর লক্ষ্যে সেদিনের বৈঠকে যে সর্বসম্মত অভিনন্দন প্রস্তাব উত্থাপিত হয়েছে তিনি তার ঘোরতর বিরোধিতা করে প্রস্তাবটি পরিমার্জনের জন্য নোট অব ডিসেন্ট প্রদান করেছেন। প্রচলিত নিয়ম অনুযায়ী নোট অব ডিসেন্টসহ বৈঠকের কার্যবিবরণীতে এটি লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করেন।